



সচেতন হউন!

যা আপনার জীবন রক্ষা করতে পারে
সে সম্পর্কিত তথ্য।

যন্ত্রপাতি লাগান!

আপনার নিরাপত্তার জন্য রক্ষিত
যন্ত্রপাতির জন্য বিনিয়োগ করুন।

বের হয়ে আসুন!

পরিকল্পনা তৈরি করুন এবং প্রস্তুত হউন।

‘সচেতন হউন! যন্ত্রপাতি লাগান! বের হয়ে আসুন!’ এটি হলো ফায়ার সেইফটি সংক্রান্ত কতগুলো লিফলেটের একটি, যা আপনার লোকাল ব্রিগেড থেকে সংগ্রহ করা যায়। এই সিরিজের অন্যান্য লিফলেটগুলোতে ফায়ার সেইফটি যন্ত্রপাতি, পিতা-মাতা এবং ছেলেমেয়েদের জন্য ফায়ার সেইফটি সম্পর্কে উপদেশ এবং যাদের চোখের সমস্যা বা অন্যান্য সমস্যা রয়েছে সে ব্যাপারে অতিরিক্ত তথ্য প্রদান করা হয়েছে।

এই লিফলেটগুলো অনুদিত এবং অন্যান্য ফরমেটেও পাওয়া যায়।

ডেপুটি প্রাইম মিনিস্টারের অফিস থেকে প্রকাশিত। ©ফ্রাউন কপিরাইট
২০০৩। যুক্তরাজ্যে এপ্রিল ২০০৩ সালে, ৭৫% পোস্ট-কনজুমার ওয়েইস্ট
এবং ২৫% ইসিএফ পাল্প (03DOC01123) মুদ্রিত।

প্রডাক্ট কোডঃ Fire Main 03b



আরো বিস্তারিত তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট www.firekills.gov.uk দেখুন।

ঘর-বাড়ীতে

অগ্নিকান্ড থেকে নিরাপদ থাকা



আপনার ঘর আগুন থেকে রক্ষা করুন

অগ্নিকাণ্ড থেকে নিরাপদ থাকা বা ফায়ার সেইফটি- প্রয়োজনীয় পদক্ষেপ

ফায়ার সেইফটি নিয়ে আপনি কি খুব চিন্তিত?

আগুন থেকে নিরাপদ থাকার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া সময়ের অপচয় কি না তা ঘরে আগুন লাগার কারণে ভুক্তভোগি যে কোন একজনকে জিজ্ঞাসা করুন। তিনি আপনাকে ভিন্ন কথা বলবেন।

আপনার ঘর এবং পরিবারকে আগুন থেকে
নিরাপদ রাখুন।

এই লিফলেটটি পড়ুন এবং নিজেকে ফায়ার সেইফটির মৌলিক বিষয়গুলো সম্পর্কে সজাগ রাখার জন্য ‘হোম চেক’ সেকশন ব্যবহার করুন।

বাস্তব জীবন - মৃত্যুর কারণ



২০০১ সালের ২১ আগস্ট গ্রাহাম পরিবারের ঘরে আগুন লেগেছিল। পরিবারের সবাই ঘুমে ছিল।

এ্যান এবং মাইকেল গ্রাহাম জীবিত বের হয়ে আসতে পেরেছিল। তাদের দুই সন্তান এ্যামি (বয়স তিন) এবং জোস(বয়স পাঁচ) জীবিত বের হয়ে আসতে পারেনি।


গ্রাহাম পরিবার ফায়ার সেইফটি সম্পর্কে চিন্তা করেছিল। তারা নীচের তলা এবং উপরের তলার ল্যান্ডিংগুলোতে স্মোক এলার্ম লাগিয়েছিল, কিন্তু তারা ব্যাটারি পরীক্ষা করে নাই।




**আপনি কি অদ্য আপনার স্মোক এলার্মের
ব্যাটারিগুলো পরীক্ষা করেছেন?**

স্মোক এলার্ম

স্মোক এলার্ম হলো একটি সতর্ককারী যন্ত্র, যা আগুনের প্রাথমিক পর্যায়েই স্মোক (ধোঁয়া) বা আগুন সম্পর্কে সতর্ক করে দেয়। এটা আপনাকে নিরাপদে বের হয়ে আসতে অতিরিক্ত সময় প্রদান করে।



- স্মোক এলার্ম সর্বনিম্ন £5 পাউন্ড মূল্যে পাওয়া যায় এবং আপনি এগুলো যে কোন সুপারমার্কেট এবং হাই-স্ট্রীট স্টোরগুলো থেকে কিনতে পারেন।



- আপনার ঘরের প্রতিটি ফ্লোরে স্মোক এলার্ম লাগান, বিশেষ উপযুক্ত স্থান হলো হলোওয়ে বা ল্যান্ডিং-এর সিলিং। রান্নাঘরে স্মোক এলার্ম লাগাবেন না, যেখানে সামান্য কারণে বা দুর্ঘটনাবশতঃ এটা বেজে উঠতে পারে।



- আপনি 'ছশ বাটন' সংযুক্ত স্মোক এলার্ম কিনতে পারেন, ফলে ভুলবশতঃ যদি এটা বেজে উঠে তাহলে আপনি তা বন্ধ করতে পারবেন।

- সপ্তাহে একবার ব্যাটারিগুলো পরীক্ষা করুন। এছাড়া ১০ বছর মেয়াদ সম্পন্ন ব্যাটারি যুক্ত এলার্মও পাওয়া যায়।




আপনার স্মোক এলার্ম রক্ষনাবেক্ষণ করা জরুরী।

রান্না ঘরের নিরাপত্তা (কিচেন সেইফটি)

- ইলেক্ট্রিক্যাল লীড এবং অন্যান্য জিনিসপত্র যা সহজেই আগুন লাগার কারণ হতে পারে তা কুকার এবং টোস্টার থেকে দূরে রাখুন যেমন টাওয়াল, ওভেন গ্লাভস্ এবং লুজ কাপড়- চোপড়।
- ওভেন, টোস্টার, হব এবং গ্রীল পরিষ্কার রাখুন। জমে থাকা ক্রাফস (টুকরা-টাকরি), চর্বি এবং তৈলাক্ত পদার্থে সহজেই আগুন লাগতে পারে।
- পানি থেকে ইলেক্ট্রিক্যাল লীড এবং যন্ত্রপাতি দূরে রাখুন।

- রান্নাঘরে একটি ফায়ার ব্লাঙ্কেট রাখেন না কেন? আপনি এটি কারো কাপড়ে আগুন লাগলে বা হালকা আগুন নেভানোর কাজে ব্যবহার করতে পারেন।



রান্না ফেলে কোথাও যাবেন না।

আপনার অমনোযোগিতার কারণে আগুন লাগতে পারে।

- আপনি যদি খাবার বেশি তেলে ভাজেন বা ডীপ-ফ্রাই করেন, তাহলে তা গরম তেলে ঢালার আগে শুকিয়ে নিন। যদি তেল থেকে ধোয়া উঠতে শুরু করে তাহলে আগুন নিভিয়ে ফেলুন এবং প্যানটি ঠান্ডা হবার সময় দিন।

- কখনো চিপ প্যানগুলো এক-তৃতীয়াংশের বেশি তেল দিয়ে পূর্ণ করবেন না।



- গ্যাস কুকারে আগুন দেবার জন্য ম্যাচ বা লাইটার ব্যবহার করবেন না। স্পার্ক ডিভাইস বা যন্ত্রপাতি গুলো নিরাপদ।

- সসপ্যানের হাতল যাতে হব থেকে খুলে না যায় তা নিশ্চিত হবেন।

প্যানে যদি আগুন লাগে তা হলে কি করতে হবে?

আপনি কেবল তখনই প্যানের আগুন নিয়ন্ত্রন করতে পারবেন যদি তা প্রাথমিক অবস্থায় থাকে এবং আপনি সম্পূর্ণভাবে নিশ্চিত যে আপনি তা নিয়ন্ত্রন করতে পারবেন এবং নিরাপদ থাকবেন।

- যদি নিরাপদ বোধ হয় তাহলে আগুন নিভিয়ে ফেলুন। প্যান সরাবেন না।

- ট্যাপের নীচে একটি কাপড় ধরুন, সাবধানতার সাথে এটিকে মূড়িয়ে বা চিপে নিন এবং আগুন লাগা প্যান মুড়ে দিন। আপনার যদি একটি ফায়ার ব্লাঙ্কেট থাকে তাহলে প্যানের উপরে ফেলুন।



- কখনও প্যানের উপরে পানি ছিটাবেন না।

যদি আগুন লেগে যায়..... বের হয়ে আসুন
বাইরে থাকুন
এবং **999**
-ডায়াল করুন



ঝুঁকি নিবেন না



নিরাপদ আগুন বলতে কিছু নেই। আপনার জন্য উত্তম উপায় হলো আগুনের সাথে লড়াই না করে প্রতিরোধের ব্যবস্থা করা। আগুন নেভানোর দায়িত্বটি প্রফেশনাল ফায়ারফাইটারদের হাতে ছেড়ে দেয়া হলো উত্তম কাজ।

ইলেক্ট্রিক

প্লাগ এবং ক্যাবল সমূহ

- সর্বোচ্চ এম্পস্ (amps)

পরীক্ষা করুন যা প্লাগের
ফিউজকে নিয়ন্ত্রণ করতে
পারে।



- আপনি যদি এডাপ্টার ব্যবহার করেন, তাহলে এমন একটি ব্যবহার করুন যাতে ফিউজ রয়েছে এবং এটির মোট আউটপুট ১৩ এম্পস্-এর বেশি না হয়। মনে রাখবেন! একটি সিঙ্গেল কেটলি একাই ১৩ এম্পস্ ব্যবহার করে।


- কার্পেট বা ম্যাটের নীচ দিয়ে ক্যাবল সংযোগ দিবেন না।

- নড়বড়ে তারের সংযোগ এবং খারাপ প্লাগ বা সকেট সম্পর্কে সতর্ক হোন বা পরীক্ষা করুন, যেমন স্কর্চ মার্ক বা ফ্লিকারিং লাইটগুলো।


- পুরানো বা টেইপড-আপ ক্যাবল বা লিডগুলো পরিবর্তন করুন।



ইলেক্ট্রিক্যাল যন্ত্রপাতি যদি
আপনি ব্যবহার না করেন
তাহলে প্লাগ থেকে খুলে রাখুন।




- সকেটের উপর অতিরিক্ত চাপ দিবেন না- প্রতিটি সকেটে মাত্র একটি প্লাগ ব্যবহার করুন।




ইলেক্ট্রিক ব্লাস্কেট

- ব্লাস্কেটগুলো ফোল্ড করে রাখবেন না।
ইন্টারনেল ওয়্যারিংথেকে রক্ষা করার জন্য এগুলোকে ফ্লাট বা মুড়িয়ে রাখুন।
- যদি সারা রাত ব্যবহার করার মতো নিরাপদ থার্মোস্টেটিক কন্ট্রোল থাকে তাহলে সারা রাত ব্লাস্কেটের সুইচ অন করে রাখুন।



সহজে বহনযোগ্য হিটার

- সব সময় হিটারকে দেয়ালের দিকে পেছন দিয়ে রুমের দিকে সম্মুখ ভাগ দিয়ে রাখুন। যদি সম্ভব হয় তাহলে যাতে পড়ে না যায় সেজন্য দেয়ালের সাথে যুক্ত করে রাখুন।
- হিটার কখনো পর্দা বা আসবাবপত্রাদির নিকটে রাখবেন না এবং কখনো এগুলো কাপড় শুকানোর কাজে ব্যবহার করবেন না।



লাইট

- লাইট এবং বাল্ব কখনো পর্দা এবং অন্যান্য কাপড়ের নিকটে লাগাবেন না।



আপনার আসবাবপত্রাদিতে ফায়ার রেসিস্ট্যান্ট পার্মানেন্ট লেভেল লাগানো আছে কি না তা পরীক্ষা করুন।



RESISTANT



সিগারেট

প্রতি তিন দিনে কেউ না কেউ সিগারেট থেকে লাগা আগুনে মারা যায়।

- আপনার যদি ঘুম ঘুম ভাব হয়, ঔষধ হিসেবে ড্রাগ নেন বা আপনি যদি মদ পানরত অবস্থায় থাকেন তাহলে ধূমপানে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করুন। এ অবস্থায় ঘুমিয়ে পড়া অতি সহজ এবং আপনি বুঝতেই পারবেন না তখনো সিগারেট জ্বলতে থাকবে।
- বিছানায় ধূমপান করবেন না। কেননা, ঘুমিয়ে পড়ার সম্ভাবনা বেশি এবং সিগারেট থেকে বিছানায় আগুন লাগা স্বাভাবিক।



আপনি যা মনে করছেন তার চেয়ে ইহা আরো বেশি গরম-700° সেন্টিগ্রেড-এর অধিক তাপমাত্রায় সিগারেট পুড়তে পারে।

- সব সময় যথার্থ এষ্ট্রে ব্যবহার করুন।
- আপনি যখন সিগারেট নেভাবেন তা সত্যিই নিভেছে কি-না তা নিশ্চিত করুন।



- দায়িত্ববোধ সম্পন্ন হোন এবং ম্যাচ ও লাইটার বাচ্চাদের নাগালের বাইরে রাখুন।



মোমবাতি

জ্বলন্ত মোমবাতিকে অন্যান্য আগুনের মতো গণ্য করুন

- এগুলোকে জ্বলন্ত অবস্থায় রেখে যাবেন না।
- রাতের বেলা এগুলো নিভিয়ে রাখুন।



- যে সব জিনিসপত্রে আগুন লাগতে পারে যেমন আসবাবপত্র, কাপড়, পর্দা এবং এই ধরনের জিনিসপত্র থেকে মোমবাতি দূরে রাখুন।



- মোমবাতি এবং টি লাইট প্লাস্টিক সারফেস যেমন টেলিভিশনের উপর এবং বাথ টাব গলাতে পারে। তাই এগুলো যাতে হিট রেসিস্ট্যান্ট সারফেসের উপরে রাখা হয় সেটি নিশ্চিত করবেন।



কেবল মাত্র মুহূর্তের অমনোযোগিতার কারণে এ থেকে আগুন লেগে যেতে পারে-মোমবাতি সব সময় ছোট ছোট ছেলেমেয়ে এবং গৃহ পালিত জীবজন্তু (পেট) থেকে দূরে রাখুন।


প্রস্তুত থাকুন – আগাম পরিকল্পনা করুন

- আপনার পরিবারের সবাই যাতে আগুন লাগলে কি করতে হবে এবং কিভাবে ঘটনাস্থল থেকে বের হয়ে যেতে হবে তা জানে সে ব্যাপারে নিশ্চিত হোন।
- আপনার বের হয়ে যাবার রাস্তা নির্ধারণ করুন এবং বাহির হবার রাস্তা পরিষ্কার রাখুন।
- দরজা এবং জানালার চাবি হাতের কাছে রাখুন।



যদি আগুন লাগে তাহলে কি করতে হবে

- যদি ধোয়া হয়, তাহলে যেখানে পরিষ্কারভাবে বাতাস বইতে পারে সেখানে বেগ কম হয়।
- চেষ্টা করুন এবং শান্ত থাকুন। যত তাড়াতাড়ি সম্ভব সবাইকে বের করে আনুন-আগুন লাগার কারন অনুসন্ধান বা মূল্যবান জিনিসপত্র রক্ষার জন্য সময় নষ্ট করবেন না।



যদি আপনার কাপড়ে আগুন লাগে...


- চারদিকে দৌড়াবেন না।
- শুয়ে পড় ন এবং চারদিকে গড়াগড়ি করুন।
- আপনার যদি ভারি জিনিসপত্র যেমন কোট, ব্লাঙ্কেট বা ফায়ার ব্লাঙ্কেট থাকে তাহলে তা দিয়ে আগুন নেভানোর চেষ্টা করুন।



থামুন!



শুয়ে পড় ন!




গড়াগড়ি দিন!

যদি বের হবার রাস্তা বন্ধ বা আটকানো থাকে...

- আপনি যদি জানালা খুলতে না পারেন—নীচের কোনার দিকের কাঁচ ভেঙ্গে ফেলুন। জানালার অমসূন অংশ টাওয়াল বা ব্লাস্কেট দিয়ে নিরাপদ করুন।



- আপনি যদি গ্রাউন্ড বা ফার্স্ট ফ্লোরে অবস্থান করেন তাহলে, জানালা দিয়ে বের হোন। নীচে পড়ার সময় বিছানাকে কুশন হিসেবে ব্যবহার করুন। লাফ দিবেন না!



- আপনি যদি বের হতে না পারেন, সবাইকে এক রুমে জড়ো করুন, সম্ভব হলে জানালা এবং ফোন আছে এমন রুমে। ধোয়া আটকানোর জন্য দরজার চারপাশে বিছানা ফেলে প্রতিবন্ধকতার সৃষ্টি করুন।



- বিস্তিৎ থেকে বের হবার সাথে সাথে 999 এই নম্বরে ফোন করুন। মোবাইল বা প্রতিবেশির ফোন ব্যবহার করুন।



কোন কারনেই ভেতরে ফেরত যাবেন না।
ফায়ার ব্রিগেডের জন্য বাইরে অপেক্ষা করুন।

হোম চেক

আপনি বাড়িতে অধিকাংশ আশুর্নই নিয়ন্ত্রণ বা প্রতিরোধ করতে পারেন। আপনার নিজের ঘরের ফায়ার সেইটি সম্পর্কে ভাবার জন্য নীচের হোম চেক লিষ্ট ব্যবহার করুন। মৌলিক বিষয়গুলো সব সময় মনে রাখার জন্য এটি হাতের কাছে রাখুন। এটি একটি কমন সেন্সের মতো মনে হতে পারে, কিন্তু এটি আপনার জীবন রক্ষা করতে পারে।



ঘরের মৌলিক জিনিস

দেরী করবেন না। আপনি যদি সমস্যা চিহ্নিত করতে পারেন, তাহলে এখনই তার সমাধান করুন।

স্মোক এলার্ম

- আপনি কি প্রতিটি ফ্লোরে স্মোক এলার্ম লাগিয়েছেন?
- আপনি কি গত সপ্তাহে ব্যাটারিগুলো পরীক্ষা করেছেন?
- আপনি কি গত বছর ব্যাটারিগুলো পরিবর্তন করেছেন?

ইলেক্ট্রিক

- আপনার কি প্রতিটি ওয়াল সকেটে একটি প্লাগ রয়েছে?
- আপনি যদি একটি এডাপ্টার ব্যবহার করেন, তাহলে যন্ত্রপাতি বা ইলেক্ট্রিক সামগ্রী চলার জন্য কি এগুলো সবমিলিয়ে ১৩ এম্পসের কম ব্যবহার করে?
- আপনার ফিউজগুলো কি ব্যবহৃত যন্ত্রপাতির জন্য সঠিক র্যাটিং বা হারের ?
- আপনি কি কোন নড়বড়ে বা টেপইড্-আপ ক্যাবল এবং লীডস্ পরিবর্তন করেছেন?
- কোন প্লাগ বা সকেটে কি স্কর্চ মার্ক আছে?



রান্নাঘরের জন্য প্রয়োজনীয়

আপনার কুকার, টোস্টার এবং গ্রীল প্যানগুলো কি পরিষ্কার?

আপনি কি ইলেক্ট্রিক্যাল লীড বা আগুন লাগতে পারে এমন জিনিসপত্র, যেমন টি টাওয়াল বা কাপড়, কুকার বা টোস্টার থেকে দূরে রাখেন?

স্বাভাবিক বিপদ

পর্দা এবং অন্যান্য জিনিসপত্র যেগুলোতে সহজেই আগুন লাগতে পারে তা থেকে লাইটগুলো দূরে রয়েছে কি না তা কি আপনি পরীক্ষা করেছেন?

আপনি কি ম্যাচ বা লাইটারগুলো বাচ্চাদের নাগালের বাইরে রাখেন?

আপনার সকল কাপড় লাগানো আসবাবপত্রে কি ফায়ার রেসিস্ট্যান্ট লেভেল লাগানো রয়েছে?



রাতের বেলা শেষ কাজ

রাতের বেলায় আগুনে আপনার মারা যাওয়া এবং আহত হবার সম্ভাবনা বেশি—বিছানায় যাবার আগে আপনার ঘর চেক করার বিষয়ে অভ্যস্ত হোন।

- রাতের বেলা আপনি যে ইলেক্ট্রিক্যাল যন্ত্রপাতি ব্যবহার করেন না সেগুলোর। সুইচ অফ করুন এবং প্লাগ থেকে খুলে রাখুন।
- কুকার বন্ধ কি না তা পরীক্ষা করুন।
- ওয়াশিং মেশিন চালু রাখবেন না।
- হিটার বন্ধ করুন এবং ফায়ার গার্ড লাগান।
- মোমবাতি এবং সিগারেট ঠিক মতো নিভিয়ে রাখুন।
- ভিতরের দরজাগুলো বন্ধ রাখুন।

নিয়মিত পরীক্ষা এবং রক্ষণাবেক্ষন

প্রতি সপ্তাহঃ

–আপনার স্মোক এলার্ম ব্যাটারি চেক করুন।

প্রতি বছরঃ

–আপনার স্মোক এলার্ম ব্যাটারি পরিবর্তন করুন;

–বয়লার সার্ভিস করান; এবং

–যে কোন বড় ধরনের ইলেক্ট্রিক্যাল যন্ত্রপাতি সার্ভিস করান।

প্রতি ১০ বছরঃ

–আপনার স্মোক এলার্ম পরিবর্তন করুন।